



## উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে নাটকীয় ড্রয়ে থমকে গেল বার্সেলোনা



সংগৃহীত ছবি

উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে স্প্যানিশ জায়ান্ট বার্সেলোনাকে বেলজিয়ামের ক্লাব ব্রুগা থামিয়ে দিয়েছে। ম্যাচে তিনবার পিছিয়ে পড়লেও শেষ পর্যন্ত ৩-৩ সমতায় মাঠ ছাড়ে কাতালানরা। স্বাগতিক ব্রুগা শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলেছে এবং ম্যাচের প্রথম মিনিট থেকেই বার্সেলোনার প্রতিরক্ষা পরীক্ষা করতে থাকে।

ম্যাচের মাত্র ৬ মিনিটে নিকোলা ট্রেসোল্ডির গোলে এগিয়ে যায় ব্রুগা। তবে দু'মিনিটের মধ্যেই ফেরান তোরেস সমতা ফিরিয়ে দেন। এরপর আবারও এগিয়ে যায় ব্রুগা, ১৭ মিনিটের গোলে কার্লস ফোর্বস। প্রথমার্ধের বাকি সময় বার্সেলোনা অনেকবার চেষ্টা করেও গোল করতে ব্যর্থ হয়।

দ্বিতীয়ার্ধে বার্সেলোনা সমতা ফেরানোর জন্য আক্রমণ চালিয়ে যায়। ৬১ মিনিটে ইয়ামালের দুর্দান্ত একটি শটে সমতা আসে, কিন্তু দুই মিনিট পর ফোর্বসের দ্বিতীয় গোল ব্রুগাকে এগিয়ে দেয়। ব্রুগার তৃতীয় গোলের পর বার্সেলোনা আত্মঘাতী গোল মধ্যমে সমতা ফিরিয়ে আনে। ম্যাচের শেষ মুহূর্তে বার্সেলোনার একটি গোল ভিএআরের কারণে বাতিল হয়। শেষ পর্যন্ত ম্যাচটি ৩-৩ সমতায় শেষ হয়।

অন্যদিকে, ম্যানচেস্টার সিটি বরুশিয়া উর্টমুন্ডকে ৪-১ গোলে হারিয়ে তাদের দাপট দেখিয়েছে। ২২ মিনিটে ফোডেনের গোলে এগিয়ে যায় স্বাগতিকরা। সাত মিনিট পর হালাভ স্কোরশিটে নাম লেখান এবং চ্যাম্পিয়ন্স লিগে তিনটি ভিন্ন ক্লাবের হয়ে টানা ৫ ম্যাচে গোল করার রেকর্ড গড়ে। দ্বিতীয়ার্ধের ৫৭ মিনিটে ফোডেনের দ্বিতীয় গোল স্বাগতিকদের জয় নিশ্চিত করে। যদিও ৭২ মিনিটে বরুশিয়া ব্যবধান কমায়, শেষ মুহূর্তে রায়ান চেরকির গোল বড় জয় নিশ্চিত করে।

চ্যাম্পিয়ন্স লিগের আরেক ম্যাচে ইন্টার মিলান কাইরাতের বিপক্ষে আক্রমণাত্মক ফুটবল খেলেছে। প্রথমার্ধে মার্তিনেজের একটি সুযোগ হাতছাড়া হলেও শেষ পর্যন্ত তিনি প্রথম গোল করেন। দ্বিতীয়ার্ধে কাইরাতের আরাদের গোল সমতা ফিরিয়ে আনে। তবে ৬৬ মিনিটে আগোস্টোর গোলে ইন্টার মিলানের জয় নিশ্চিত হয়।